গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৪.০০০০.০২৮.০৬.০০১.২৬- ৬৯

তারিখ: ০৭ মাঘ ১৪৩২ / ২১ জানুয়ারি ২০২৬

বিষয়ঃ **কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত বা অতিবাসকৃত কর্মচারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ কারা অধিদপ্তরের পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২১.০২.০০৪.২৫-২০৫৬ তারিখঃ ১১.১২.২০২৫;

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় দপ্তর/কারাগার সমূহে বিভিন্ন কারণে কারা কর্মচারীগণ কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত (Unauthorized Absence) বা ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে অতিবাস (Overstay) করে বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ডে জড়িত হচ্ছে। এতে করে স্থানীয় কারা প্রশাসন তথা কারা অধিদপ্তরের সুনাম ক্ষুন্ন হচ্ছে। সুষ্ঠ কারা প্রশাসনের স্বার্থে এখন হতে কোন কারা কর্মচারী কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত কিংবা ছুটিতে গিয়ে অতিবাস করলে তাদের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

ক. কোন কর্মচারী ২৪ ঘন্টা কারা এলাকায় কর্তৃপক্ষের বিনানুমতিতে অনুপস্থিত থাকলে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরি দায়ের, সংশ্লিষ্ট কর্মচারীর বর্তমান ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ এবং কারা অধিদপ্তর সহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা;

খ. ০৭ (সাত) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকলে পুনরায় তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ পূর্বক কৈফিয়ত তলব;

গ. ১০ (দশ) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা;

ঘ. ১০ (দশ) দিনের উর্ধ্বে কর্মস্থলে অনুপস্থিত/অতিবাস করে যোগদান করলে বিভাগীয় ব্যবস্থার যৌক্তিকতা প্রমাণ স্বাপেক্ষে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ;

ঙ. ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের উর্ধ্বে কর্মস্থলে অনুপস্থিত/অতিবাস করে যোগদান করলে বিভাগীয় ব্যবস্থার যৌক্তিকতা প্রমাণসহ সংশ্লিষ্ট কর্মচারীকে যোগদানের প্রাক্কালে **শারীরিক ফিটনেস ও ডোপটেস্ট পরীক্ষায়** উত্তীর্ণতা যাচাইপূর্বক বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ এবং পরবর্তী ছয়মাস সময়কালে কারাভ্যন্তরে ডিউটি প্রদান না করা; অতপর সন্তোষজনক স্বাপেক্ষে স্বাভাবিক ডিউটি প্রদান করা;

চ. ৬০ (ষাট) দিনের উর্ধ্বে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট কর্মচারী পলায়ন (desertion) এর দায়ে দোষী সাব্যস্থ হবে এবং বিধি মোতাবেক বিভাগীয় মামলায় দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান পূর্বক কারা অধিদপ্তরকে অবহিত করা;

০২। উপরোক্ত 'ক' ও 'খ' এর ক্ষেত্রে যোগদান পরবর্তী সময়ে কৈফিয়ত তলবের জবাব এবং অভিযোগের কারণ বিবেচনায় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা। তাছাড়াও সূত্রস্থ পত্র মূলে জারীকৃত নির্দেশনা অনুযায়ী ছুটিতে অবস্থানরত কোন কর্মকর্তা/কর্মচারী কারাগারের বাইরে অসুস্থ হলে এবং ছুটির মেয়াদ উত্তীর্ণ হলে তাকে অবশ্যই নিজ কর্মস্থলে হাজির হয়ে কারাগারে অবস্থান পূর্বক চিকিৎসা গ্রহণ করা। কোন কারণে কারাগারে প্রত্যাবর্তন অসম্ভব হলে নিকটস্থ কারাগারে রিপোর্ট করা। অন্যথায় এই পত্রের নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে কারাবিধি, {সরকারি চাকরি আইন,২০১৮, সরকারি চাকরি (দ্বিতীয় সংশোধন) অধ্যাদেশ-২০২৫}, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,২০১৮ এর সকল বিধি-বিধান অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। বিষয়টির গুরুত্ব বিবেচনায় রোলকল, দরবারে বারংবার পড়ে সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২১/০১/২৬

সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।
ig@prison.gov.bd

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিমউদ্দিন রোড়, ঢাকা।
৬। জেলার, অপারেশন/সদর দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৮। শাখা প্রধান (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা।
৯। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক(সকল)/কারা উপ মহাপরিদর্শক (সঃদঃ) এঁর ব্যক্তিগত সহকারী। কর্মকর্তাগণের সদয় অবগতির জন্য।
১০। অফিস কপি।